প্রথম আলো

তারিখ ১৬ OCT 2015
পৃষ্ঠা ৬ কলাম ১

# ভর্তি-ইচ্ছুকদের কাছ থেকে এখনো টাকা নিচ্ছে ছাত্রলীগ

**মুন্সিগঞ্জ প্রতিনিধি ●**

মুন্সিগঞ্জের সরকারি হরগঙ্গা কলেজে স্নাতক (সম্মান) প্রথম বর্ষে ভর্তি-ইচ্ছুকদের কাছ থেকে ছাত্রলীগের টাকা নেওয়া অব্যাহত আছে। গত দুই দিনেও শিক্ষার্থীদের ওই টাকা দিতে দেখা গেছে।

গত বুধবার ও গতকাল বৃহস্পতিবার সরেজমিনে দেখা যায় কলেজ ক্যাম্পাসের ভেতরে অবস্থিত স্টুডেন্টস হেলপ সেন্টারের সামনে ভর্তি-ইচ্ছুক শিক্ষার্থীদের সারি। তাঁরা সেখানে আবেদন করে আবেদনপত্র নিয়ে ভর্তি কমিটির কাছে জমা দিচ্ছেন।

ভর্তি কমিটির এক সদস্য জানান, গতকাল পর্যন্ত ১ হাজার ৬২২ জন শিক্ষার্থী তাঁদের কাছে ফরম জমা দিয়েছেন। এর প্রায় সবকটির পেছনেই হেলপ সেন্টারের সই ও সিল রয়েছে [illegible]

শিক্ষার্থী ইশরাত জাহান বলেন, হেলপ সেন্টারে আবেদন ফরমে সইয়ের জন্য তাঁকে ১৩০ টাকা দিতে হয়েছে। তাঁর সহপাঠীদেরও একই পরিমাণ টাকা দিয়ে আবেদন করতে হয়েছে।

**মুন্সিগঞ্জে সরকারি হরগঙ্গা কলেজ শাখা ছাত্রলীগ 'স্টুডেন্টস হেলপ সেন্টার' খুলে ভর্তি-ইচ্ছুকদের কাছ থেকে অনলাইনে আবেদন করা বাবদ ১৩০ টাকা আদায় করছে**

এ বিষয়ে কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ সাহেদুল কবির বলেন, '৬ অক্টোবর ফরমের পেছনে কোনো সই ও সিল পাওয়া গেলে ভর্তির আবেদন বাতিল করা হবে বলে ঘোষণা দেওয়া হয়েছে। আমার জানামতে, তারপর থেকে হেলপ সেন্টারে সইয়ের জন্য আর টাকা দিতে হয় না। তারপরও বিষয়টি খোঁজ নিয়ে দেখছি।'

১ অক্টোবর থেকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে অনলাইনে গ্রেডিং পদ্ধতিতে প্রথমবারের মতো স্নাতক প্রথম বর্ষে ভর্তির আবেদন গ্রহণ শুরু হয়। সেদিন থেকেই মুন্সিগঞ্জে সরকারি হরগঙ্গা কলেজ শাখা ছাত্রলীগ 'স্টুডেন্টস হেলপ সেন্টার' খুলে ভর্তি-ইচ্ছুকদের কাছ থেকে অনলাইনে আবেদন করা বাবদ ১৩০ টাকা আদায় করছে। এই আবেদন ফরমের পেছনে হেলপ সেন্টারের স্বাক্ষর না থাকলে কলেজ কর্তৃপক্ষ তা গ্রহণ করছে না বলেও অভিযোগ রয়েছে। আর দূরদূরান্তের শিক্ষার্থীরা বাইরে থেকে আবেদন করলে তাঁকেও আবেদন ফরমে হেলপ সেন্টারের সই নিতে ওই টাকা দিতে হচ্ছে।

৬ অক্টোবর *প্রথম আলোয়* 'ভর্তি-ইচ্ছুকদের কাছ থেকে ছাত্রলীগের টাকা আদায়' শিরোনামে প্রতিবেদন প্রকাশিত হয়।